

## “গুডলাক এন্ড গুডবাই সিডনী”র ফাইনাল শূটিং শেষ”

অবশেষে শেষ হলো “গুডলাক এন্ড গুডবাই সিডনী”র ফাইনাল শূটিং! মাসমুম টেলিফ্লিম এর প্রযোজনায়, এহতেশামুল হক পিউ’র রচনা ও পরিচালনায় সিডনীতে ষ্টুডেন্ট ভিসা নিয়ে আগত ছাত্র জীবনের উপড়ে সিডনীতে বসবাস রতো কিছু দেশি-বিদেশী ছেলে মেয়ে নিয়ে নির্মিতো নাটক গুডলাক এন্ড গুডবাই সিডনীর ফাইনাল শূটিং শেষ হলো! বাংলাদেশের টিভি চ্যানেলের উদ্দেশ্য এই নাটকটি তৈরী করা হয়েছে!

আমি এদেশে এসেছিলাম ষ্টুডেন্ট ভিসা নিয়ে, এখানে লেখা পড়ার করার সময়দেখেছি আমার সাথে অনেক বন্ধু বান্ধব নানান ভাবে বিভিন্ন বদ অভ্যাসে জড়িয়ে শেষ পর্যন্ত দেশে ফেরত গিয়েছে! অথচ বাবা মা কতো কষ্ট করে দেশ থেকে টাকা পাঠায়! তখন থেকেই আমার ইচ্ছে জাগে এই নিয়ে কিছু একটা যদি করা যায়! এতো বছর পর সময় এবং সুযোগ হয় করার! আশা করি এই নাটকটা একটু হলেও সবার মনে নারা দেবে!



এই প্রকল্পটা আমি হাতে নেই চার মাস আগে! একমাস ধরে বিভিন্ন পত্রিকায় এড দিয়ে এবং পরিচিত অপরিচিতদের কাছে গিয়ে গিয়ে অভিনেতা অভিনেত্রী সিলেক্ট করি! বাস্তব জীবনে এদের কারো কোন অভিনয়ের অভিজ্ঞতা ছিলনা, তারপরেও আমার বিশ্বাস ছিলো এদেরকে দিয়ে হবে! দীর্ঘ দুই মাস রিসার্চের পর আমরা ফাইনাল শূটিং এ যাই! আমাদের ফাইনাল শূটিং চলেছে এক মাসব্যাপি! শূটিং করতে গিয়ে বুঝেছি এখানে নাটক করা খুব সহজ একটা ব্যাপার নয়, তারপরেও আমরা শেষ পর্যন্ত শেষ করতে পেরেছি! যাই হোক এই নাটকের পেছনে অনেকের অবদান রয়েছে! অন্ধান রয়েছে আমার স্ত্রীর যে আমাকে সব সময় সাহায্য করেছে সব ব্যাপারে এবং আমার সাথে কাজ করেছে সহকারি পরিচালক হিসেবে! অবদান রয়েছে আমাদের ক্যামেরা ম্যান কামাল ভাইয়ের, উনাকে আমি যখন যেখানে যেভাবে যেতে বলেছি উনি আমাদের সাথে ছুটে গিয়েছে এবং অবদান রয়েছে আমার প্রত্যেকটা অভিনেতা অভিনেত্রীর! ওরা আমাকে এই নাটকটা সুন্দর ভাবে শেষ করার জন্য যথেষ্ট সাহায্য করেছে! এমনও দিন গিয়েছে আমরা ভোর তিনটা পর্যন্ত শূটিং করেছি! এইসে সবার এই আন্তরিকতা এটা আমাকে যথেষ্ট উতসাহ দিয়েছে নাটকটা সুন্দর ভাবে শেষ করার! এরকম একটা টিম নিয়ে কাজ করতে পেরে আমি খুব খুশি!

এখন আমাদের এই নাটকটার এডিটিংয়ের কাজ চলছে! আমি কয়েকটা টিভি চ্যানেলের সাথে কথা বলে রেখেছি! নভেম্বরে আমি বাংলাদেশে যাচ্ছি তখনই ফাইনাল করবো! তাছাড়া আমি তখন দেশেও একটা নাটক এর কাজে হাত দিবো, এটা হচ্ছে ফেইসবুক আর মোবাইলের অপব্যহারের উপড়ে, এটার স্ক্রীপ দেশে পাঠিয়ে দিয়েছি, পারফরমার সিলেকশন চলছে! দুট নাটকেই আশা করি আপনারা পরপর টিভি চ্যানেলে দেখতে পারবেন এবং সিডি আকারে বাজারে পাবেন এবং দুট নাটকেই আশা করি আপনারদের ভালো লাগবে! এরপর দেশ থেকে এসে এখানে একটা শর্ট ফ্লিম বানানোর ইচ্ছে আছে এবোর্জনিয়াল এবং বাংলাদেশের কালচারের উপর! আমি আপনাদের সবার কাছে দোয়া প্রার্থী আমি যেন আমার কাজগুলো সফল ভাবে করতে পারি!